নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একপাত্র পানি চাইলে একটি বড় পাত্র তাঁর নিকট আনা হলো। তাতে সামান্য পানি ছিল। তারপর তিনি এতে তাঁর আঙ্গুল রাখলেন। আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি পানির দিকে তাকালাম। তাঁর আঙ্গুলের ভেতর দিয়ে পানি উপচে পড়ছে। আমি অনুমান করলাম, তাদের সংখ্যা ছিল সত্তর থেকে আশি জনের মতো।

আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে মারফূ হিসেবে বর্ণিত, একদা সালাতের সময় উপস্থিত হলে যাদের বাড়ি নিকটে ছিল তারা অযু করার জন্য বাড়ি চলে গেলেন। আর কিছু লোক রয়ে গেলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য একটি পাথরের পাত্রে পানি আনা হলো। পাত্রটি এত ছোট ছিল যে, তাতে তার কব্জি খুলে দেওয়া যাচ্ছিল না। তা থেকে সবাই অযু করলেন। তারা বলল: আপনারা কতজন ছিলেন? বললেন: আশিজন বা তারও কিছু বেশি। অন্য বর্ণনায় এসেছে: বী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একপাত্র পানি চাইলে একটি বড়
পাত্র তাঁর নিকট আনা হলো। তাতে সামান্য পানি ছিল। তারপর তিনি এতে তাঁর আঙ্গুল
রাখলেন। আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি পানির দিকে তাকালাম। তাঁর আঙ্গুলের ভেতর দিয়ে পানি উপচে পড়ছে। আমি অনুমান করলাম, তাদের সংখ্যা ছিল সত্তর থেকে আশি জনের মতো [সহীহ] [বিভিন্ন বর্ণনায় মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)]

আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, “একদা সালাতের সময় উপস্থিত হলো” অর্থাৎ একবার সাহাবায়ে কেরাম মদীনায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে অবস্থানকালে আসরের সালাতের সময় হলো। যারা মসজিদের নিকটে ছিল তারা দাঁড়ালেন। অর্থাৎ যাদের বাড়ি উক্ত স্থান থেকে নিকটে ছিল তারা অযু করার জন্য বাড়ি চলে গেলেন। আর কিছু লোক রয়ে গেলেন অর্থাৎ যাদের বাড়ী দূরে ছিল তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে রয়ে গেলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্য একটি পাথরের পাত্রে পানি আনা হলো। অর্থাৎ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট পাথরের একটি ছোট পাত্র উপস্থিত করা হলো যাতে অল্প পরিমাণ পানি ছিল। কিছু কিছু বর্ণনায় পাত্রের ধরণ হিসেবে এসেছে ‘রাহরা’ (বড় পাত্র)। “পাত্রটি এত ছোট ছিল যে, তাতে তাঁর উভয় হাত মেলে দেওয়া সম্ভব ছিল না।” অর্থাৎ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন এর ছোট পাত্রের ভিতরে হাত মেলে দেওয়ার চেষ্টা করলেন তখন তা সঙ্কুচিত হয়ে গেল। আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, “তা থেকেই উপস্থিত সকল লোক অযু করলেন। আমরা জিজ্ঞেস করলাম: আপনারা কতজন ছিলেন? তিনি বললেন: আশিজন বা তারও কিছু অধিক।” অর্থাৎ আশিজন বা তার চেয়ে বেশি।

https://sunnah.global/hadeeth/bn/show/5446


النجاة الخيرية
ALNAJAT CHARITY


لجنة الدعوة الإلكترونية
EDC
E-Da'wah Committee